গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : ‘‘ভোলা জেলার মেঘনা নদীর ভাঙ্গন থেকে মনপুরা উপজেলার রামনেওয়াজ লঞ্চঘাট এলাকা রক্ষা এবং তেতুলিয়া নদীর ভাঙ্গন থেকে চরফ্যাশন উপজেলার ঘোষেরহাট লঞ্চঘাট এলাকা রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মাহমুদুল ইসলাম অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)
সভার তারিখ	০৮/০১/২০২০।
সভার সময়	০৪.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান ৩১৩৫৪.৭৩ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটি চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭০% এবং আর্থিক অগ্রগতি ৬২.০২%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১	নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটি জুন’২০২০ সালে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পের আওতাভূক্ত ১০ টি প্যাকেজের মধ্যে নদী তীর প্রতিরক্ষা সংক্রান্ত ৮টি প্যাকেজের গড় অগ্রগতি ৯০%। ড্রেজিং কাজ সংশ্লিষ্ট ১ টি প্যাকেজের কার্যাদেশ ৭ নভেম্বর’২০১৯ এবং অন্য প্যাকেজটির কার্যাদেশ ৩০ ডিসেম্বর’২০১৯ প্রদান করা হয়। এপ্রিল’২০২০ এর মধ্যে ড্রেজিং কাজ সমাপ্তির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে যথাযথ নির্দেশনা দেয়া হয়েছে এবং উক্ত কাজ সম্পাদনের জন্য বিদ্যমান ৪টি ড্রেজারের অতিরিক্ত প্রয়োজনীয় সংখ্যক ড্রেজার দ্রুত সাইটে মোবিলাইজ করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান ২০ জানুয়ারি’২০২০ এর মধ্যে ২ টি এবং ১৫ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে আরও ৩টি ড্রেজার সাইটে মোবিলাইজ করবে মর্মে প্রতিশ্রুতি প্রদান করেছেন এবং আগামী এপ্রিল এর মধ্যে ড্রেজিং কাজ সম্পন্ন করতে পারবে মর্মে জানান। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে সম্পন্ন করতে হলে ২০১৯-২০ অর্থ বছরে বরাদ্দের অতিরিক্ত ৭৭.৫৬ কোটি টাকা সহ মোট ১৩৭.৫৬ কোটি টাকার বরাদ্দ প্রদান করা প্রয়োজন হবে। সভায় আলোচনায় অংশ নিয়ে যুগ্মপ্রধান জানান, প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত অর্থ প্রদান করা সম্ভব হবে।	(ক) জুন ২০২০ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক। (খ) বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত ৬০.০০ কোটি টাকার অতিরিক্ত আরও ৭৭.৫৬ কোটি টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে : যুগ্ম-প্রধান, পাসম। (গ) প্রকল্প সমাপ্তির পর যথা নিয়মে Project Completion Report (PCR) দাখিল করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহমুদুল ইসলাম
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৬.১৭-১৭

তারিখ: ২৯ পৌষ ১৪২৬
১৩ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।

২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি)।

৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সাগরদী, বরিশাল।

১৫) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৬) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "ভোলা জেলার মেঘনা নদীর ভাঙন হতে মনপুরা উপজেলাধীন রামনেওয়াজ লঞ্চঘাট এলাকা এবং তেঁতুলিয়া নদীর ভাঙন হতে চরফ্যাশন উপজেলাধীন ঘোষেরহাট লঞ্চঘাট এলাকা রক্ষা (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্প, ভোলা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।

১৭) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২০) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)